



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয়

কার্যালয়, রাজশাহী

dnrcrp.rajshahidiv.gov.bd



নম্বর ২৬.০৪.৮১০০.৫০১.১৭.০০৭.২০.৩১০

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৮

০৩ মার্চ ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ০৩ মার্চ ২০২২ তারিখে রাজশাহী বিভাগীয় কার্যালয়ের ০২ টি টিম কর্তৃক রাজশাহী মহানগরের বোয়ালিয়া খানায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী বিভাগীয় কার্যালয় কর্তৃক ০৩/০৩/২০২২ খ্রি: তারিখে উপ-পরিচালক জনাব অপূর্ব অধিকারী ও সহকারী পরিচালক জনাব হাসান-আল-মারুফ এর নেতৃত্বে রাজশাহী মহানগরের বোয়ালিয়া খানাধীন এলাকায় অভিযান পরিচালিত হয়। উপ-পরিচালক জনাব অপূর্ব অধিকারী উপশহর নিউমার্কেট এলাকায় সরদার ভ্যারাইটি স্টোর কে মোড়কজাত পণ্যে সর্বোচ্চ খুচরা বিক্রয়মূল্য না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ৩,০০০/- টাকা জরিমানা করেন। অপরদিকে সহকারী পরিচালক জনাব হাসান-আল-মারুফ একই এলাকায় মেসার্স এস আলম ট্রেডার্স কে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৪০ অনুযায়ী ২০,০০০/- টাকা ও রইস উদ্দিন স্টোর কে প্রতিশ্রুত পণ্য যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৪৫ অনুযায়ী ৩০,০০০/- টাকা জরিমানা করেন। আজকের ০২টি অভিযানে সর্বমোট ৫৩,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। অভিযান চলাকালে ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ সম্বলিত লিফলেট ও মাস্ক বিতরণ করা হয় ও আইনটি মেনে চলতে উদ্বুদ্ধ করা হয়। রাজশাহী মেট্রোপলিটন পুলিশের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

৩-৩-২০২২

অপূর্ব অধিকারী

উপপরিচালক

ফোন: ০২৫৮৮৮৫০৭৭৪

ফ্যাক্স: ০২৫৮৮৮৫৫৪০৬

ইমেইল: dd-

rajshahi@dnrcrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।

- ৩) পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
- ৪) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৬) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৭) সহকারী পরিচালক (মেট্রো), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৮) অফিস কপি।